



Embassy of the People's Republic of Bangladesh
Bangkok

সোমবার, ২৮ জুলাই ২০২৫

বিজ্ঞপ্তি

থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে সশস্ত্র সংঘাতের পরিপ্রেক্ষিতে কম্বোডিয়ার অভ্যন্তরে সীমান্তের কাছাকাছি বসবাসরত বাংলাদেশি নাগরিকদের অনেকেই রাজধানী নমপেনে চলে এসেছেন বা আসার চেষ্টা করছেন। যাঁরা এখনো আসতে পারেননি, তাঁদের স্থানীয় কর্তৃপক্ষের সহায়তায় যতদূর সম্ভব নিরাপদ আশ্রয়ে থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। যাঁরা এসব এলাকা ছেড়ে যেতে চান, তাঁরা সুনির্দিষ্ট তথ্যসহ দূতাবাসের হটলাইন (+৬৬৮১৮৭০৮৪৪৩)-এ যোগাযোগ করতে পারেন। এসব ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাসরত বাংলাদেশি নাগরিকদের সহায়তার জন্য দূতাবাসের কাউন্সিলর (শ্রম) ইতোমধ্যে নমপেনে অবস্থান করছেন। সেখানে বাংলাদেশি কমিউনিটির সদাশয় ব্যক্তিবর্গের সহায়তায় উপদ্রুত বাংলাদেশিদের সাময়িকভাবে থাকা-খাওয়া, যাতায়াত ও প্রয়োজনে চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে। সীমান্তবর্তী এলাকাগুলো থেকে বাংলাদেশিদের নিরাপদ আশ্রয়ে স্থানান্তর ও সুরক্ষার ব্যবস্থা নেওয়ার জন্য কম্বোডিয়ার সরকারের উপযুক্ত কর্তৃপক্ষ এবং জাতিসংঘ আবাসিক প্রতিনিধির কার্যালয়সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

